অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/5/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অংশ হিসেবে রচেস্টারের জন্য রূপান্তরকারী প্রকল্পসমূহের ঘোষণা করলেন

পাঁচটি ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প রচেস্টারের প্রাণবন্ত সংস্কৃতিকে উন্নত করবে

10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ সম্প্রদায়কে সমৃদ্ধ করা, ব্যবসা ও আবাসন সুযোগ উন্নত করার একটি কৌশলী লক্ষ্যের অংশ

প্রকল্পসমূহের রেন্ডারিং উপলভ্য এখানে

গভর্নর হোকল আজকে 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) অংশ হিসেবে রচেস্টার সিটির জন্য পাঁচটি রূপান্তরকারী প্রকল্প ঘোষণা করলেন। এই অর্থ সম্প্রদায়ের উল্লেখযোগ্য পুনর্গঠন বিনিয়োগসমূহ এবং নতুন ইনফিল প্রকল্পসমূহ এবং ঐতিহাসিক সম্পত্তিসমূহের পুনর্গঠন কাজকে ব্যবহার করবে। রচেস্টার পুনরুজ্জীবন প্রকল্পসমূহের রেন্ডারিং উপলভ্য আছে এখানে।

"ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে, আমরা নিশ্চিত করতে সাহায্য করছি যাতে আমাদের স্থানীয় অংশীদারদের কাছে নিউ ইয়র্কের ডাউনটাউনসমূহকে উন্নত করার প্রয়োজনীয় সংস্থান থাকে," **গভর্নর হোকল বলেন।** "এই 10 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে, আমরা রচেস্টারকে একটি নতুন যুগে প্রেরণ করছি এবং বাসিন্দাদের জন্য আরো সুযোগ সৃষ্টি করছি যেহেতু আমরা সম্প্রদায়কে বসবাস, কাজ, ও খেলার জন্য আরো ভালো স্থানে পরিণত করছি।"

রচেস্টার সিটির পুনরুজ্জীবনের মনোযোগ হলো নবায়িত কর্মকাণ্ড ও জীবন চাঞ্চল্যের সাথে স্থানের একটি উন্নত চেতনা সৃষ্টি করা। এই অর্থ ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগকে রূপান্তরিত করবে আবাসন, লজিং স্থান, বাণিজ্যিক স্থান যোগ করা এবং সরকারি অবকাঠামো উন্নয়নের মাধ্যমে।

এই বিনিয়োগগুলি আপস্টেট অর্থনীতিকে পুনর্জীবিত করতে এবং ফিঙ্গার লেকস রিজিয়নে (Finger Lakes Region) আরো সুযোগ তৈরি করতে গভর্নরের চলমান প্রয়াসের অংশ। স্টেট বিভাগের (Department of State) নেতৃত্বে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটি অংশগ্রহণকারী

সম্প্রদায়গুলিকে কারিগরি সহায়তা প্রদান করে যখন তারা একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) গঠন করে যা তাদের ডাউনটাউন এলাকাকে পুনর্জীবিত করার অনন্য ভিশনসহ প্রকল্পসমূহকে সনাক্ত করে।

যেসব নির্দিষ্ট প্রকল্পে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে অর্থায়ন করা হবে, তার মধ্যে রয়েছে:

মেইন এবং ক্লিনটন কর্নারের রূপান্তর - DRI পুরস্কার: 4,000,000 মার্কিন ডলার
চারটি ঐতিহাসিক, মিশ্র ব্যবহারের ভবন পুনর্গঠন করা যা প্রায় চার দশক ধরে শহুরে ল্যান্ডস্কেপের ব্লাইট হয়ে আছে। এটি একটি বিস্তৃত ঐতিহাসিক পুনর্বাসন যা এছাড়াও কার্বন নিরপেক্ষতা অর্জনে চেষ্টা করবে এবং মধ্যবিত্ত উপার্জনের আবাসন ইউনিট ও ডাউনটাউনের একটি গুরুত্বপূর্ণ কোণায় আধুনিক দোকান তৈরি করবে।

ঐতিহাসিক এডওয়ার্ডস ভবন পুনর্গঠন - DRI পুরস্কার: 1,750,000 মার্কিন ডলার
দীর্ঘদিন খালি পড়ে থাকা এডওয়ার্ডস ভবনের একটি প্রত্যয়িত ঐতিহাসিক পুনর্বাসনকে সংলগ্ন পার্কিং লটের নিচে একটি জেলার জিওথার্মাল সমবায় গঠনের সাথে সম্মিলিত করা। মোট আনুমানিক 114টি নতুন আবাসন ইউনিট এবং নিচতলার বাণিজ্যিক স্থান যোগ করা হবে।

অলটা ভিস্তা গঠন - DRI পুরস্কার: 1,385,000 মার্কিন ডলার
ডাউনটাউন রচেস্টারের চারটি খালি লটে একটি আনুমানিক 6 তলা, 76 ইউনিটের মিশ্র আয়ের ভবন নির্মাণ। প্রকল্পটিতে থাকছে পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য সমর্থক আবাসন ইউনিট এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ল্যান্ডমার্ক সোসাইটির জন্য স্থান। এই প্রকল্পটি এছাড়াও সংলগ্ন সেইন্ট জোসেফ পার্কে উন্নয়নকাজ করবে। নতুন বাতি, পথ, এবং কাঠামোগত উন্নয়ন জনগণের এবং ঘরের বাইরের ইভেন্টের স্থান উন্নত করবে।

মেইন স্ট্রিট কমন্স নির্মাণ - DRI পুরস্কার: 1,300,000 মার্কিন ডলার
ডাউনটাউনের কেন্দ্রবিন্দুতে একটি নতুন ঘরের বাইরের জনগণের স্থান তৈরি এবং সেইন্ট পিল স্ট্রিট ও ক্লিনটন অ্যাভিনিউয়ের মধ্যকার পথচারী সংযোগ উন্নয়ন। প্রকল্পটি বিদ্যমান 600 ফুট লম্বা সুপারব্লককে দুইটি আরো হাঁটার যোগ্য শহুরে দৈর্ঘ্যের ব্লকে ভাগ করবে।

ক্রেসেজ বিল্ডিং হোটেল তৈরি - DRI পুরস্কার 1,265,000 মার্কিন ডলার
তিনতলা ক্রেসেজ ভবনকে পুনর্গঠন করে আনুমানিক 28 কক্ষের বুটিক হোটেলে পরিণত করা যেখানে নিচতলায় মেইন স্ট্রিট, ডিভিশন স্ট্রিট এবং প্রস্তাবিত মেইন স্ট্রিট কমন্সের দিকে মুখ করা অ্যাঙ্কর খাদ্য ও পানীয়ের স্থাপনা থাকবে।

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "সৃজনশীলতা এবং কল্পনা হলো আমাদের ডাউনটাউনগুলিতে জীবন ফিরিয়ে আনার মুখ্য উপাদান। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অংশ হিসেবে আজকের ঘোষিত প্রকল্পসমূহ হলো রচেস্টারের বলিষ্ঠ পরিকল্পনার দারুণ একটি উদাহরণ যার মাধ্যমে পুনঃকল্পনা করা যাবে যে কীভাবে সম্প্রদায়সমূহকে

জনগণের স্থান, মিশ্র ব্যবহারের ভবন এবং সাংস্কৃতিক সুযোগ দ্বারা সংযুক্ত করা যায়। প্রকল্পের বিজয়ীদের অভিনন্দন।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা, এবং কমিশনার হোপ নাইট বলেন, "রচেস্টারের কেন্দ্রীয় শহরে এইসব অভীষ্ট, সম্প্রদায়ের নেতৃত্বের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ বিনিয়োগগুলি অর্থনৈতিক ইঞ্জিনসমূহকে আরো ইন্ধন পরদিন করবে যা স্থানীয় ব্যবসাসমূহকে সমর্থন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য। প্রয়োজন পাঁচটি রূপান্তরকারী, অন্তর্ভুক্তিকর প্রকল্পসমূহ শহরের ডাউনটাউন এলাকায় নতুন জীবন দান করতে কাজ করবে, গতিশীল স্থান ও জায়গা তৈরি করবে যা রচেস্টারের বর্তমান ও ভবিষ্যৎ উভয় প্রজন্মকে লাভবান করবে।"

হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "নিউ ইয়র্কের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ নতুন অর্থনৈতিক সুযোগ তৈরি করছে, আমাদের আবাসনের মজুদ বৃদ্ধি করছে, এবং আমাদের স্টেটজুড়ে এলাকাসমূহের জীবন-জীবিকা উন্নত করছে। আমরা অতি আনন্দিত যে আজকের ঘোষণাটি ডাউনটাউন রচেস্টারে 190টির বেশি নতুন বাসা তৈরি সমর্থন করবে, যা শহরে আরো আবাসন সুযোগ প্রদানের এবং রচেস্টারের বিকাশ যাতে উপার্জন নির্বিশেষে সকলের জন্য লাভজনক হয় তা নিশ্চিত করতে আমাদের সফল প্রচেষ্টার অনুবর্তী।"

স্টেটের সিনেটর জেরেমি কুনি বলেন, "এই পাঁচটি বৈচিত্র্যময় ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প রচেস্টারের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং প্রাণোচ্ছলতার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। এই অর্থ নিশ্চিত করতে সাহায্য করবে যাতে সম্প্রদায়গুলি সংযুক্ত থাকে আমাদের শহরের ইতিহাস সংরক্ষণ এবং একইসাথে বসবাস, কাজ ও খেলাধুলার জন্য সহজলভ্য ও টেকসই স্থান তৈরির মাধ্যমে এবং জীবনযাত্রার মান উন্নত হয়। আমি অর্থপ্রাপ্তদের অভিনন্দন জানাচ্ছি এবং নামি গভর্নর হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, এবং ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Finger Lakes Regional Economic Developmental Council, FLREDC) প্রতি তাদের সমর্থনের জন্য কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন, "এই পাঁচটি প্রকল্পের প্রতিটি রচেস্টারের উজ্জ্বল নতুন ভবিষ্যতের প্রতিনিধি। ধন্যবাদ গভর্নর হোকলকে, আমাদের স্টেটের বাজেটে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগকে অগ্রাধিকার প্রদান করার জন্য এবং রচেস্টারে 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে আমাদের সাহায্য করার জন্য। অ্যাসেম্বলির অর্থনৈতিক বিকাশ কমিটির (Economic Development Committee) প্রধান হিসেবে, আমি জানি আমাদের সূর্যের ল্যান্ডস্কেপের জন্য নতুন ব্যবসাকে আকৃষ্ট করা এবং রচেস্টারের ঐতিহাসিক ডাউনটাউন নতুন প্রাণ সঞ্চার করা কতটা অত্যাবশ্যকীয়ভাবে গুরুত্বপূর্ণ। এই পাঁচটি প্রকল্পের উদ্দেশ্যে সাশ্রয়ী আবাসন তৈরি, সবুজ স্থান উন্নত করা, এবং আমাদের ডাউনটাউন সম্প্রদায় গঠন করা। যেহেতু এইসব স্থানীয় প্রকল্পসমূহে নির্মাণকাজ শুরু হচ্ছে, স্থানীয় শ্রমিকেরা এটি নিশ্চিত করার পথে নেতৃত্ব দিবে যাতে এই তহবিল সকলের জন্য একটি ন্যায্য ও অন্তর্ভুক্তিকর অর্থনীতি গঠনে সাহায্য করে।"

অ্যাসেম্বলি সদস্য ডেমন্ড মিকস বলেন, "আমি গ্রেটার রচেস্টার সম্প্রদায়ের প্রতি গভর্নর হোকলের অব্যাহত সমর্থনের জন্য তার প্রতি কৃতজ্ঞ। আমাদের শহরের কেন্দ্রবিন্দুতে রূপান্তরকারী বিনিয়োগ আমাদের প্রয়োজন। এমন উচ্চাকাঙ্ক্ষী প্রকল্পসমূহ আমাদের ডাউনটাউন এলাকায় নতুন জীবন ফেরত আনার জন্য অত্যাবশ্যকীয়। এগুলি আমাদের ঐতিহাসিক অবকাঠামোর গুরুত্বপূর্ণ অংশ পুনর্গঠন করবে যাতে আমাদের সম্প্রদায়ের সদস্যদের সেবাদান করা যায়, যার মধ্যে থাকবে চাকরি ও আবাসনের সুযোগ। আমি আশাবাদী যে এই উদ্যোগগুলি আমাদের এলাকা ও পরিবারের প্রতি আগামী অনেক প্রজন্ম ধরে একটি বৃহত্তর অঙ্গীকারের অংশের প্রতিনিধিত্ব করবে।"

অ্যাসেম্বলিওম্যান সারাহ ক্লার্ক বলেন, "আজ রচেস্টার সম্প্রদায়ের জন্য দারুণ আনন্দের একটি দিন, ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্পের ঐতিহাসিক বিনিয়োগগুলির একটি যা আগামী অনেক প্রজন্ম ধরে গ্রেটার রচেস্টার অঞ্চলের বাসিন্দাদের জীবন উন্নত করবে। নিদারুণ প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন তৈরি থেকে শুরু করে পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য বিশেষায়িত আবাসন তৈরি এবং অতিরিক্ত ডাউনটাউন ইভেন্টের স্থান, খাদ্য ও পানীয়, এবং লজিং তৈরি করে আমাদের স্থানীয় অর্থনীতিকে বলিষ্ঠ করা পর্যন্ত, এই প্রকল্পগুলির প্রত্যেকটিই আমাদের অঞ্চলে অনন্য সুযোগ নিয়ে আসে। ধন্যবাদ গভর্নর হোকল, ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদ এবং সরকারে আমাদের সকল অংশীদার ও সম্প্রদায়ের স্টেকহোল্ডারদেরকে, রচেস্টার সিটিতে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ নিয়ে আসার এই সহযোগিতামূলক প্রচেষ্টার জন্য।"

অ্যাসেম্বলি সদস্য জেন লান্সফোর্ড বলেন, "এই উদ্যোগগুলি সত্যিই ডাউনটাউন রচেস্টারকে এমন উপায়ে রূপান্তর করবে যা আশেপাশের এলাকাসমূহকেও লভ্যাংশ প্রদান করবে। বিশেষ করে শহরের গেটওয়ে হিসেবে কাজ করা মেইন এবং ক্লিনটনের সংস্কারগুলি আমাদের ডাউনটাউন খাতের অর্থনৈতিক বিকাশের জন্য অতি গুরুত্বপূর্ণ হবে। আমি এই প্রকল্পগুলিকে সমর্থন করতে পেরে অতি আনন্দিত।"

মনরো কাউন্টি নির্বাহী অ্যাডাম বেলো বলেন, "ডাউনটাউন রচেস্টারের কেন্দ্রবিন্দু, এবং রচেস্টার মনরো কাউন্টির কেন্দ্রবিন্দু। এই অতি গুরুত্বপূর্ণ তহবিল ডাউনটাউনকে পুনর্জীবিত করার চলমান প্রকল্পসমূহের সম্পূরক, এবং আরো অর্থনৈতিক প্রবৃদ্ধির সৃষ্টি করবে যা আমাদের সম্প্রদায়কে সমৃদ্ধ হতে সাহায্য করবে। ধন্যবাদ গভর্নর ক্যাথি হোকলকে, আরেকবার মনরো কাউন্টির অর্থনীতি এবং প্রতিবেশীদের অগ্রাধিকার প্রদান করার জন্য।"

রচেস্টারের মেয়র মালিক ইভান্স বলেন, "রচেস্টারের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের জন্য নির্বাচিত প্রকল্পগুলি আমাদের কেন্দ্রীয় শহরের কেন্দ্রে অতি প্রয়োজনীয় প্রাণোচ্ছলতা ফেরত আনবে এবং সকলের বসবাস, কাজ ও খেলার যোগ্য একটি ডাউনটাউন গঠনে আমরা যেই দুর্দান্ত গতিবেগ তৈরি করেছি তা ত্বরান্বিত করবে। আমি ধন্যবাদ জানাতে চাই গভর্নর এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ফিঙ্গার লেকস ফরোয়ার্ড উদ্যোগকে, আমাদের শহরে এই বিনিয়োগ করে রচেস্টারকে সমর্থন করার জন্য। এই তহবিলগুলি একটি সমৃদ্ধিশালী ভবিষ্যতের আশায় পূর্ণ শহর গঠনে আমাদের প্রচেষ্টাকে অগ্রসর করবে।"

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের সহপ্রধান, গ্রেটার রচেস্টার চেম্বার অফ কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা বব ডাফি, এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি জেনেসোর (State University of New York Geneseo) প্রেসিডেন্ট ডাঃ ডেনিস ব্যাটলস বলেন, "FLREDC রচেস্টার সিটি এবং গভর্নরের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে এর দারুণ ভবিষ্যতের প্রতি আমাদের সমর্থন অব্যাহত রাখতে পেরে অত্যন্ত গর্বিত। এই পাঁচটি নির্বাচিত, সম্প্রদায়চালিত প্রকল্প বাসিন্দা ও বেড়াতে আসা মানুষ সকলকে লাভবান করবে, অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রচার করবে এবং আরো প্রাণবন্ত একটি ডাউনটাউন গঠন করবে, এমন একটি স্থান যেখানে আগামী অনেক প্রজন্ম ধরে মানুষ বসবাস, কাজ ও খেলাধুলা করতে চাইবে।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)

নিউ ইয়র্ক স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ, এর অর্থনৈতিক বিকাশ কর্মসূচির একটি ভিত্তিপ্রস্তর, ডাউনটাউনের এলাকাগুলিকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যা জীবনযাত্রার একটি উন্নত মান প্রদান করে এবং পুনর্গঠন, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি, এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য চুম্বক হিসেবে কাজ করে। স্টেট বিভাগের নেতৃত্বে এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট , হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) সহায়তায়, DRI প্রতিনিধিত্ব করে কেটি নজিরবিহীন এবং উদ্ভাবনী “পরিকল্পনা-করে-কাজ-” করার কৌশলের যা কৌশলী পরিকল্পনাকে যুক্ত করে অবিলম্বে বাস্তবায়নের সাথে এবং এর ফলে সৃষ্টি হয় গোছানো, হাঁটার উপযুক্ত ডাউনটাউন যা নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতিকে পুনর্গঠন করতে সাহায্য করার একটি মুখ্য উপকরণ, এবং সেই সাথে গণপরিবন ব্যবহার এবং বেসরকারি যানের উপর নির্ভরশীলতা হ্রাস করার প্রচার করার মাধ্যমে স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করে।ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের ব্যাপারে আরো তথ্য উপলভ্য আছে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418